50

দৈনিক ইনকিলাব

তারিখ ... 27 MAY 1998 ...
পৃষ্ঠা: 12 কলাম 4

# প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ছাত্র লীগের ভাঙচুর ও অগ্নিসংযোগ

স্টাফ রিপোর্টার ঃ সিলেট মেডিক্যাল কলেজে সংঘটিত ঘটনার জের ধরে গত ২৫ মে (সোমবার) রাতে প্রকৌশল বিশ্ববিদ্যালয় ছাত্র লীগ কর্মীরা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল, ভাঙচুর, অগ্নিসংযোগসহ ব্যাপক তাণ্ডবলীলা চালায়। রাত ১০টায় ছাত্র লীগ ক্যাম্পাসে এক বিক্ষোভ মিছিলের আয়োজন করে। মিছিল শেষে তারা বিভিন্ন হলে অবস্থানরত ছাত্র শিবিরের নেতা-কর্মীদের রুমে হামলা চালিয়ে ব্যাপক অগ্নিসংযোগ ও ভাঙচুর করে। তারা নজরুল ইসলাম হলের শিবির নেতা ইদ্রিসকে মারধর করে। তারা ইউকসু'র এজিএস ও ইনকিলাবের বুয়েট রিপোর্টারের কক্ষ ভাঙচুর করে। সিলেট মেডিক্যাল কলেজে ছাত্র শিবিরের সাথে সংঘর্ষে ছাত্র লীগ কর্মী নিহত হওয়ার ঘটনার জের ধরে ছাত্র লীগ বুয়েটে এই তাণ্ডবলীলা চালায়। তারা বিক্ষোভ মিছিলে শিবিরের বিরুদ্ধে উস্কানিমূলক শ্লোগান দিয়ে ১০/১২ জন শিবির নেতা-কর্মীর রুমে গিয়ে ভাঙচুর করে । তারা রুমের বই-পুস্তক, আসবাবপত্র ও পোশাক-পরিচ্ছদে অগ্নিসংযোগ করে। এ সময় ছাত্র লীগের বিক্ষুব্ধ কর্মীরা এই সুযোগে ইউকসু'র এজিএস ছাত্রদল নেতা আবুল কালাম আজাদ কল্লোল এবং ইনকিলাবের বুয়েট রিপোর্টার মুশফিকুর রহমানের রুমেও অগ্নিসংযোগ ও ব্যাপক ক্ষতিসাধন করে। গভীর রাতে হলের প্রভোস্টগণ সিকিউরিটি গার্ডসহ হলে আসেন এবং ক্ষয়ক্ষতির হিসেব লিপিবদ্ধ করেন। গতকাল ক্ষতিগ্রস্ত ছাত্ররা ক্ষতিপূরণ ও বিচার দাবী করে প্রভোস্টের কাছে আবেদন করে।